

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯৮(আগরতলা, ১৪।৬)
বিশালগড়, ১৪ জুন, ২০১৮

চড়িলাম ব্লকে মৎস্য চাষে কর্মসূচী

চড়িলাম ব্লকে মৎস্য চাষ সম্প্রসারণে মৎস্য দপ্তর থেকে বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে। এ সমস্ত কর্মসূচীর মধ্যে রয়েছে মিশ্র মৎস্য চাষ, মরশুমী মৎস্য চাষ ও মাছের উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন মাছ চাষে সহায়তা। এতে ১.১০ হেক্টর জলাশয় মৎস্য চাষের আওতায় আসবে। এম জি এন রেগায় ব্লকে যে সমস্ত ছোট ছোট জলাশয় তৈরী হয়েছে তাতে মাছ চাষের জন্য বেনিফিসিয়ারীদের সহায়তা করা হবে। এতে ৩.৫ হেক্টর জলাশয় মৎস্য চাষের আওতায় আসবে। এ সমস্ত কর্মসূচী রূপায়ণে প্রতি হেক্টরে ব্যয় হবে ৫ হাজার টাকা করে। তাছাড়াও ব্লক এলাকায় বিভিন্ন প্রজাতির মাছ চাষের জন্য সহায়তা করা হবে। এতে ১০ হেক্টর জলাশয়ে মৎস্য চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এতে ব্যয় হবে ১ লক্ষ ২৯ হাজার ১২৫ টাকা।
